

প্রাথমিক ও গনশিক্ষা মন্ত্রণালয়ের অধীন জেলা অফিস জেলা প্রাথমিক শিক্ষা অফিস। শেরপুর জেলার ৫টি উপজেলা শিক্ষা অফিসসহ ৭৪২ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের যাবতীয় কার্যক্রম পরিচালিত হয় এ দপ্তরের মাধ্যমে। জেলা পরিষদ সংলগ্ন চাপাতলী এলাকার ৭ নং ওয়ার্ডে অবস্থিত। প্রাথমিক শিক্ষা সংক্রান্ত সরকারি সকল কর্মকান্ড বাস্তবায়িত হয়। অনুমোদিত কর্মকর্তা-কর্মচারী ৫৮ এবং প্রধান ও সহকারি শিক্ষক ৪১৭৯। ৭৪২টি বিদ্যালয় ২৮টি ক্লাস্টারে বিভক্ত করে পরিদর্শন করা হয়। শিক্ষকদের দিনব্যাপী প্রশিক্ষন হয় ১৪১টি সাবক্লাস্টারের মাধ্যমে যা পাঠদান পরিচালনায় সহায়ক ভূমিকা পালন করে। প্রতিটি উপজেলায় রয়েছে একটি করে মডেল বিদ্যালয় ও একটি করে ডিজিটাল ক্লাসরুম বিদ্যালয়। নকলা উপজেলার নারায়নখোল পূর্ব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপন করা হয়েছে শেখ রাসেল ডিজিটাল ল্যাব। আইসিটিতে দক্ষ করতে প্রতিটা বিদ্যালয়ে রয়েছে ১জন প্রশিক্ষিত শিক্ষক। বিদ্যালয় পরিদর্শন হয় অনলাইনে। পরিদর্শন করতে দেয়া হয়েছে ট্যাব। এপিএসসি (বাৎসরিক প্রাথমিক বিদ্যালয় শুমারি) ২০২১ অনুযায়ী বিদ্যালয়ের পরিসংখ্যান : সরকারি ৩৬৩, নবসরকারি ৩৭৯, উচ্চ মাদ্রাসা ইবতেদায়ী ৭৫, উচ্চ সংযুক্ত ২৩, শিশুকল্যান ২, ব্রাক এনজিও ১৯, সমাজকল্যান ৭, বেসরকারি ২১৫, ইবতেদায়ী ৯, কেজি ৩০৯, এনজিও সেন্টার ১৩৬। পিইডিপি ৪, চাহিদাভিত্তিক সরকারী ও নব সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প এর আওতায় ২০৩টি বিদ্যালয়ে ভবন নির্মান চলমান।